তথ্য কমিশন
প্রত্নতত্ত ভবন (তৃতীয় তলা) এফ-৪/এ,
আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা
সহকারী পরিচালক( প্রশাসন)

...

| | | |
|---|---|---|
| সভাপতি | মরতুজা আহমদ<br>প্রধান তথ্য কমিশনার |
| সভার তারিখ | ০৭/০৬/২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১১.৩০ টা |
| স্থান | ভার্চুয়াল কমিশন সভা। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হলো। |

সভার শুরুতেই সভাপতি ভার্চুয়াল কমিশন সভায় সংযুক্ত সকলের কুশলাদি বিনিময় করেন এবং সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের সচিবকে আহবান জানান। এ পর্যায়ে কমিশনের সচিব পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | | |
| ১ | তথ্য কমিশনের প্রাক্তন সচিবের অকাল প্রয়ানে শোক প্রস্তাব। | তথ্য কমিশনের প্রাক্তন সচিব জনাব মো: তৌফিকুল আলম করোনা (কোভিড-১৯) আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন। তাঁর অকালমৃত্যুতে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং দোয়া করা হয়। ইতোমধ্যে শোক প্রস্তাব কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং এর একটি হার্ডকপি তাঁর শোকসন্তপ্ত পরিবারের নিকট প্রেরণ করা হয়েছে। যেহেতু, মরহুমের সর্বশেষ কর্মস্থল ছিল তথ্য কমিশন তাই তাঁর পেনশন, আনুষঙ্গিক ও অন্যান্য যে কোন বিষয়াদি এগিয়ে নেয়ার জন্য তথ্য কমিশনের যথাযথ ভূমিকা পালনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মরহুমের পেনশন, আনুষঙ্গিক ও অন্যান্য যে কোন বিষয়াদি সম্পন্নকরণে সহযোগিতা প্রদানের জন্য উপপরিচালক (গ.প্র.প্র) কে দায়িত্ব প্রদান করা হয়। তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি বিষয়টি মনিটরিং করবেন। | সুরাইয়া বেগম এনডিসি,<br>তথ্য কমিশনার;<br>উপপরিচালক (গ.প্র.প্র), তথ্য কমিশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | তথ্য কমিশনে সেবা প্রদানকারী ৪র্থ শ্রেণির কর্মচারীগণের (আউটসোর্সিংয়ের মাধ্যমে) বেতন প্রদান। | তথ্য কমিশনে আউটসোর্সিং পদ্ধতিতে সেবা দানকারি ২১ জন কর্মচারির জানুয়ারি থেকে জুন ২০২০ পর্যন্ত বেতন প্রদানের বিষয়ে আলোচনা হয়। তথ্য অধিকার আইনের ২১ ধারামতে তথ্য কমিশনের বাজেট ব্যয়ের বিষয়ে আর্থিক স্বাধীনতা রয়েছে। তথ্য কমিশনের ২০১৯-২০ অর্থবছরে আউটসোর্সিং খাতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রয়েছে। সভায় আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারি প্রতিষ্ঠানের সাথে ভূতাপেক্ষভাবে চুক্তির মেয়াদ বৃদ্ধি করে অথবা বিধি মোতাবেক প্রযোজ্য পদ্ধতিতে জানুয়ারি থেকে জুন ২০২০ পর্যন্ত বেতন প্রদান করা যেতে পারে। এছাড়াও আউটসোর্সিংয়ের মাধ্যমে পূরণযোগ্য ২১টি পদে সেবা ক্রয়ের জন্য তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা জরুরি মর্মে অভিমত ব্যক্ত করা হয়।। | ১। তথ্য কমিশনে আউটসোর্সিং পদ্ধতিতে কর্মরত ২১ জন কর্মচারির জানুয়ারি থেকে জুন ২০২০ পর্যন্ত বেতন প্রদানের লক্ষ্যে জনবল সরবরাহকারি প্রতিষ্ঠানের সাথে ভূতাপেক্ষভাবে চুক্তির মেয়াদ বৃদ্ধি/নবায়ন করা হবে অথবা বিধি মোতাবেক প্রযোজ্য পদ্ধতি অনুসরণ করে তথ্য কমিশনে কর্মরত ২১ জন কর্মচারির জানুয়ারি থেকে জুন ২০২০ পর্যন্ত বেতন প্রদান করা হবে।<br>২। আউটসোর্সিংয়ের মাধ্যমে পূরণযোগ্য ২১টি পদে সেবা ক্রয়ের জন্য তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হবে। | সচিব, তথ্য কমিশন; পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; |
| ৩ | তথ্য কমিশনের বিকল সার্ভার মেরামত/নতুন সার্ভার ক্রয়। | এপ্রিল, ২০২০ মাসের ৩য় সপ্তাহ থেকে তথ্য কমিশনের নিজস্ব সার্ভার বিকল অবস্থায় রয়েছে। সার্ভারটি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হয়েছে কি না এবং বিনষ্টের কারণ উদঘাটনের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। আগামি অর্থবছরে পিপিআর ২০০৮ মেনে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে। | ১। আগামি অর্থবছরে পিপিআর ২০০৮ মেনে নতুন সার্ভার ক্রয় করা হবে।<br>২। তথ্য কমিশনের সার্ভারে সংরক্ষিত যাবতীয় ডাটা অতি দ্রুত উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি দ্রুত গঠন করে সার্ভার বিনষ্টের কারণ উদঘাটন করা হবে। | সচিব,তথ্য কমিশন; পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন; |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | তথ্য কমিশনের বিকল সার্ভার মেরামত/নতুন সার্ভার ক্রয় না করা পর্যন্ত দাপ্তরিক কাজের সুবিধার্থে ওয়াইফাই ইন্টারনেট সংযোগ সার্ভার হতে পৃথক করে ইন্টারনেট সুবিধা পুন:প্রতিষ্ঠাকরণ। | তথ্য কমিশনের বিকল সার্ভার মেরামত/নতুন সার্ভার ক্রয় না করা পর্যন্ত দাপ্তরিক কাজের সুবিধার্থে ওয়াইফাই ইন্টারনেট সংযোগ সার্ভার হতে পৃথক করে অফিসে ইন্টারনেট চালু করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | অফিসে ০৭/০৬/২০২০ তারিখের মধ্যে Wifi চালুর মাধ্যমে ইন্টারনেট সেবা নিশ্চত করতে হবে। | সচিব,তথ্য কমিশন; পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন; |
| ৫ | সার্ভার/ইন্টারনেটের মাধ্যমে নথি ব্যবস্থাপনা সুবিধা পুন:প্রতিষ্ঠা না করা পর্যন্ত ই-ফাইলিং কার্যক্রম এবং ভার্চুয়াল অফিস কার্যক্রম চালুর লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের মোবাইল ডাটা ও আনুষঙ্গিক সুবিধাদির জন্য অর্থ ব্যয়। | কোভিড-১৯ এর কারনে উদ্ভুত পরিস্থিতিতে অনলাইন ও ভার্চুয়াল ব্যবস্থায় অফিসের কার্যক্রম পরিচালনার জন্য সরকারী সিদ্ধান্ত রয়েছে। সার্ভার/ইন্টারনেটের মাধ্যমে নথি ব্যবস্থাপনা সুবিধা পুন:প্রতিষ্ঠা না করা পর্যন্ত ই-ফাইলিং কার্যক্রম এবং ভার্চুয়াল অফিস কার্যক্রম চালুর লক্ষ্যে প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের মোবাইল ডাটা ক্রয় ও এতদসংক্রান্ত আনুষঙ্গিক সুবিধাদি প্রদানের জন্য অর্থ বরাদ্দ করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারিদের তালিকা প্রস্তুত করে অর্থ প্রদান করা যেতে পারে। | তথ্য কমিশনের কার্যক্রম পরিচালনায় ভার্চুয়াল যোগাযোগ স্থাপন এবং তথ্য কমিশনের ই-নথির মাধ্যমে কর্মসম্পাদনের জন্য প্রয়োজনীয়তার নিরিখে নথি কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারিগণের মোবাইল ডাটা ক্রয়ের জন্য প্রতিমাসে নির্দিষ্ট পরিমান অর্থ ও এতদসংক্রান্ত আনুষঙ্গিক সুবিধাদি প্রদান করা হবে। এ লক্ষে কর্মকর্তা/কর্মচারীদের তালিকা প্রস্তুত করে অর্থ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সচিব, তথ্য কমিশন; উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন; |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | চলমান অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত সম্পন্নকরণ। | চলমান অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রিম উত্তলিত টাকা ব্যয়/সমন্বয়ের লক্ষ্যে বর্তমান পরিস্থিতি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। | চলমান অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রিম উত্তলিত টাকা ব্যয়/সমন্বয়ের লক্ষ্যে বর্তমান পরিস্থিতি অনুযায়ী উপপরিচালক (প্রশাসন) অতি দ্রুত একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রধান তথ্য কমিশনারের নিকট পেশ করবেন এবং অসমাপ্ত প্রশিক্ষণ বর্তমান পরিস্থিতি বিবেচনায় আয়োজন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, তথ্য কমিশন; উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; |
| ৭ | বার্ষিক প্রতিবেদনের সর্বশেষ অবস্থা পর্যালোচনা। | বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য প্রচ্ছদ ও সূচিসমূহ প্রস্তুত করা প্রয়োজন। বার্ষিক প্রতিবেদনের ডামি প্রস্তুত করে ০৮/০৬/২০২০ তারিখের মধ্যে প্রেসে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | ১। প্রচ্ছদ, সূচি, ছবি প্রভৃতি ই-মেইলে জনাব সুরাইয়া বেগম এনডিসি, তথ্য কমিশনারের নিকট প্রেরণ করতে হবে।<br>২। ০৮/০৬/২০২০ তারিখের মধ্যে প্রেসে প্রেরণ করতে হবে। | পরিচালক (গ.প্র.প্র), তথ্য কমিশন; সহপরিচালক (প্রচার ও প্রকাশ), তথ্য কমিশন; জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন; |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | বিবিধ। | তথ্য কমিশনের ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক গণপূর্ত অধিদপ্তরকে অর্থ প্রদান করা বিষয়ে আলোচনা হয়। ভবনের যতটুকু কাজ সম্পন্ন হয়েছে তার বিল প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে তথ্য কমিশনের ২জন পরিচালকের নাম প্রস্তাব করে যে কোন একজনকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগদানের জন পত্র প্রেরণ করা যেতে পারে। | ১। তথ্য কমিশন ভবনের সম্পাদিত কাজের পরিমান অনুযায়ি চাহিদা মোতাবেক বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে তথ্য কমিশনের পরিচালক (প্রশাসন), পরিচালক (গ.প্র.প্র), প্রকল্প পরিচালক ও সহকারি পরিচালক (হিসাব ও বাজেট) সরজমিনে পরিদর্শন করে সম্পাদিত কাজ নিরুপন করে বিল পরিশোধের সুপারিশ পেশ করবেন।<br>২। জনপ্রশাসন মন্ত্রণালয়ে তথ্য কমিশনের ২জন পরিচালকের নাম প্রস্তাব করে যে কোন একজনকে প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>৩। তথ্য কমিশন ভবন নির্মাণ ও সংশ্লিষ্ট বিষয় তদারকির জন্য তথ্য কমিশনার জনাব আবদুল মালেককে দায়িত্ব প্রদান করা হলো। | তথ্য কমিশনার-২, তথ্য কমিশন; সচিব, তথ্য কমিশন; পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন; পরিচালক (গ.প্র.প্র), তথ্য কমিশন; প্রকল্প পরিচালক, তথ্য কমিশন; |

সাবেক প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. গোলাম রহমান ও তাঁর পরিবারবর্গের করোনা (কোভিড-১৯) থেকে দ্রুত আরোগ্য কামনা করে এবং ভার্চুয়াল সভার আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মরতুজা আহমদ

প্রধান তথ্য কমিশনার

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪.২০.৩৪ তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭
০৯ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক(প্রশাসন, অর্থ ও আইটি) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
২) পরিচালক , পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩) প্রকল্প পরিচালক, তথ্য কমিশনের ভবন নির্মাণ প্রকল্প।
৪) একান্ত সচিব, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৫) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) , উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৬) উপ-পরিচালক, উপ-পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৭) তথ্য কমিশনারের একান্ত সচিব (সকল), তথ্য কমিশন (তথ্য কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৮) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (প্রচার ও প্রকাশ), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৯) সহকারী পরিচালক, সহকারী পরিচালক( প্রশাসন), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১০) সহকারী পরিচালক, সহকারী পরিচালক(প্রশিক্ষণ), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১১) গবেষণা কর্মকর্তা, গবেষণা কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১২) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১৩) সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

সুদত্ত চাকমা
সচিব